

নং-৪১.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৮-৬৯

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭  
২৯ জুলাই ২০২০

বরাবর,  
মহাপরিচালক  
বাংলাদেশ টেলিভিশন  
টেলিভিশন ভবন, রামপুরা, ঢাকা।

বিষয়: 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' মনোনয়ন আহবান বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত বিজ্ঞপ্তি বাংলাদেশ টেলিভিশন (BTV)-তে বিজ্ঞপ্তি আকারে এবং স্ক্রলে প্রচারের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

### বিজ্ঞপ্তি

'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা ২০১৮' অনুযায়ী 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' প্রদানের নিমিত্ত এতদ্বারা মনোনয়ন আহবান করা যাচ্ছে।

মনোনয়ন প্রেরণ এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:

কর্মসূচি	নির্ধারিত সময় সীমা
(ক) মনোনয়ন আহবান	২৮ জুলাই, ২০২০
(খ) জেলা পর্যায়ের কমিটিতে আবেদন গ্রহণ	২০ আগস্ট, ২০২০
(গ) জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	০৩ সেপ্টেম্বর, ২০২০
(ঘ) জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ	১০ সেপ্টেম্বর ২০২০
(ঙ) মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে সরকারি প্রতিষ্ঠান মনোনয়ন চূড়ান্তকরণ	০৬ সেপ্টেম্বর, ২০২০
(চ) জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ অক্টোবর, ২০২০
(ছ) জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	৩১ অক্টোবর, ২০২০
(জ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা	০২ জানুয়ারি, ২০২১

\* 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.msw.gov.bd](http://www.msw.gov.bd)), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd)) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

\* সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে অবস্থিত জেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন দাখিল করতে হবে।

\* মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের মনোনয়নের ক্ষেত্রে সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

### স্ক্রলের নমুনা

'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক' প্রদানের জন্য মনোনয়ন আহবান করা হয়েছে। নীতিমালা ও মনোনয়ন ছক সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে। বিস্তারিত: সমাজকল্যাণ মন্ত্রণালয় ([www.msw.gov.bd](http://www.msw.gov.bd)) ও সমাজসেবা অধিদফতর ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd))



(ড. মো: আবুল হোসেন)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৬৬৮৩

Email: [performance@msw.gov.bd](mailto:performance@msw.gov.bd)

অনুলিপি সদয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। উপ মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন (BTV), টেলিভিশন ভবন, রামপুরা, ঢাকা।

২। উপ মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন (BTV), টেলিভিশন ভবন, রামপুরা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।